

ইসলামী বিশ্ববিদ্যালয়

প্রক্টরের প্রতি ছাত্রদের  
কারণ দর্শাও নোটিশ

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ২৩শে  
নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)। - ইসলামী  
বিশ্ববিদ্যালয় জাতীয়তাবাদী ছাত্রদল প্রক্টর  
মোঃ মোশাররফের বিরুদ্ধে কারণ দর্শাও  
নোটিশ জারি করেছে।

বিশ্ববিদ্যালয়ের শান্তি-শৃংখলা রক্ষার্থে  
প্রক্টর আহূত পর পর দুটি সভায় উপস্থিত না  
থাকার কারণে প্রক্টর ছাত্রদের বিরুদ্ধে  
কারণ দর্শাও নোটিশ জারি করেন। ছাত্রদল  
তার পাল্টা জবাব হিসেবে প্রক্টরের বিরুদ্ধে  
উপাচার্যের মাধ্যমে কারণ দর্শাও নোটিশ  
জারি করে।

এ ব্যাপারে ছাত্রদল নেতৃবৃন্দ জানানঃ  
প্রক্টরের সাথে সকল মিটিং-এ উপস্থিত  
থাকার জন্য আমরা দস্তখত দেইনি।  
মিটিং-এ কোন অধিকারবলে তিনি আমা-  
দের বিরুদ্ধে কারণ দর্শাও নোটিশ জারি  
করেছেন তা জানতে চেয়েই আমরা তার  
বিরুদ্ধেও কারণ দর্শাও নোটিশ জারি  
করেছি।